**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য সরঞ্জামগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা***

***31 জানুয়ারি তারিখে স্টেট ব্যাপী 26 জনের মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে***

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে আপডেট দিয়েছেন এবং শীতের মৌসুমে শ্বসনতন্ত্রের সংক্রমণের হাত থেকে সুরক্ষিত থাকার জন্য তারা গ্রহণ করতে পারেন এমন প্রাথমিক পদক্ষেপগুলো বর্ণনা করেছেন।

"এবছর নিজেদেরকে, তাদের প্রিয়জনদেরকে, এবং তাদের কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য সতর্ক থাকতে এবং লভ্য সব হাতিয়ারের ব্যবহার অব্যাহত রাখতে আমি সব নিউ ইয়র্কবাসীর প্রতি সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকা নিশ্চিত করুন, এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করুন। যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছেন - যেমন টিকা নিয়ে হালনাগাদ থাকা এবং সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলন করা - ফ্লু এবং কোভিড-19 থেকে সুরক্ষিত থাকতে এবং স্থানীয় হাসপাতালগুলিতে রোগীর বোঝা কমাতে। গত মাসে স্টেটের শীতকালীন স্বাস্থ্য প্রস্তুতির প্রচেষ্টার বিষয়ে নিউ ইয়র্কবাসীদের আপডেট করার সময় গভর্নর এই মৌলিক পদক্ষেপগুলো পুনরাবৃত্তি করেছেন।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (New York State Department of Health) সাপ্তাহিক ফ্লু সার্ভেইল্যান্স রিপোর্ট দেখিয়েছে যে 21 জানুয়ারিতে শেষ হওয়া সপ্তাহের জন্য একটানা ষোলতম সপ্তাহের মতো রাজ্য জুড়ে ইনফ্লুয়েঞ্জার সংক্রমণ ব্যাপক পর্যায়ে রয়েছে যেখানে এখন পর্যন্ত 61টি কাউন্টির সবগুলোতে মোট 305,354টি পজিটিভ কেস পাওয়া গেছে। রিপোর্টে দেখা গেছে যে রাজ্যব্যাপী নিশ্চিত হওয়া কেসের সংখ্যা 39 শতাংশ কমেছে যেখানে

সামগ্রিক হাসপাতালে ভর্তির হার আগের সপ্তাহের তুলনায় 44 শতাংশ কমেছে যেখানে এই সপ্তাহে রাজ্য জুড়ে 465 জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

সেইসাথে, অ্যাকিউট কেয়ার ফ্যাসিলিটি এবং দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোতে 5 বার প্রাদুর্ভাব দেখা দিয়েছে বলে রিপোর্টটি জানিয়েছে। এছাড়াও এই সপ্তাহে ইনফ্লুয়েঞ্জা সংক্রান্ত কারণে কোনও শিশু মৃত্যুর ঘটনার রিপোর্ট করা হয়নি, যা স্টেট ব্যাপী মোট আটটির মধ্যে সীমিত রয়েছে।

ফ্লু-এর মৌসুম চলতে থাকায় এবং ব্যাপকভাবে সংক্রমণের বিস্তার ঘটা অব্যাহত থাকায়, গভর্নর হোকল সব নিউ ইয়র্কবাসীকে তাদের বার্ষিক ফ্লু-এর টিকা গ্রহণ করতে উৎসাহিত করেছেন। ফ্লু ভাইরাস ও কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস উভয়ই ছড়িয়ে পড়ছে, তাই সুস্থ থাকার জন্য এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থার ওপর অতিরিক্ত চাপ এড়াতে উভয়ের বিরুদ্ধে টিকা নেওয়াই সেরা উপায়।

প্রাপ্ত বয়স্কদের নিজেদের এবং 6 মাসের বেশি বয়সী শিশুদের ফ্লু এবং কোভিড-19 টিকা দেওয়ার কথা স্মরণ করিয়ে দেওয়ার জন্য স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ বার্ষিক জনশিক্ষা ক্যাম্পেইন অব্যাহত রেখেছে। ফ্লু-এর টিকা গ্রহণের ক্লিনিকগুলো সম্পর্কে তথ্যের জন্য, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন vaccines.gov/find-vaccines/।

এছাড়াও গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের বাইভ্যালেন্ট কোভিড-19 এর টিকার বুস্টার ডোজ গ্রহণের উৎসাহ দিয়ে যাচ্ছেন। গত মাসে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) বাইভ্যালেন্ট কোভিড-19 বুস্টার ডোজ সম্পর্কিত নতুন নির্দেশনা ঘোষণা করেছে, যেগুলো এখন 6 মাসের চেয়ে বেশি বয়সের উপযুক্ত শিশুদের জন্য লভ্য রয়েছে।

আপডেট করা বুস্টারগুলি প্রথমে মূল ভাইরাস স্ট্রেন এবং সম্প্রতি ছড়িয়ে পড়া ভ্যারিয়েন্টগুলিকে লক্ষীভূত করবে এবং ছোট নিউ ইয়র্কবাসী এবং যোগ্য সকলের জন্য সুপারিশ করা হয়। বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইটে যান; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

আজকের ডেটা সংক্ষেপে নিচে তুলে ধরা হলো:

- **প্রতি 100k-তে কেস সংখ্যা** - 16.57
- **প্রতি 100k-তে 7 দিনের গড় কেস সংখ্যা** - 15.07
- **যতগুলি পরীক্ষার ফলাফল জানানো হয়েছে** - 49,757
- **মোট পজিটিভ** - 3,238
- **পজিটিভের শতাংশ** - 6.08%**
- **7-দিনে পজিটিভের গড় শতকরা হার** - 5.77%**

- **হাসপাতালে ভর্তি হওয়া রোগী** - 2,623 (-34)
- **নতুন ভর্তি হওয়া রোগী** - 414
- **ICU-তে রোগী** - 290 (+2)
- **ICU-তে ইনটিউবেশনসহ রোগী** - 115 (+3)
- **মোট ডিসচার্জ** - 395,984 (+387)
- **স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলির দ্বারা HERDS এর মাধ্যমে রিপোর্টকৃত নতুন মৃত্যু** - 26
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু** - 61,354

** ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডেটা -- পজিটিভের শতকরা হার নয়।

হেলথ কেয়ার ইলেকট্রনিক রেসপন্স ডেটা সিস্টেম (Health Electronic Response Data System, HERDS) একটি NYS DOH ডেটা উৎস যা দৈনিক নিশ্চিত মৃত্যুর ডেটা সংগ্রহ করে যা কেবল হাসপাতাল, নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যার ফেসিলিটিগুলি জানে।

**গুরুত্বপূর্ণ টীকা:** সোমবার, 4 এপ্রিল থেকে ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) কোভিড-19 র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা পদ্ধতি ব্যবহার করছে এমন পরীক্ষা কেন্দ্রগুলোর জন্য নেগেটিভ ফলাফল সম্পর্কে রিপোর্ট করার বাধ্যবাধকতা তুলে নেওয়ার বিষয়টি কার্যকর করেছে। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটের ইতিবাচকের শতাংশের মেট্রিক কেবল পরীক্ষাগারে রিপোর্ট করা PCR (polymerase chain reaction, PCR) ফলাফল ব্যবহার করে গণনা করা হবে। ইতিবাচক অ্যান্টিজেন পরীক্ষা তাও নিউ ইয়র্ক স্টেটকে রিপোর্ট করা হবে এবং নতুন দৈনিক কেস এবং প্রতি 100 হাজার কেসের রিপোর্টে PCR এবং অ্যান্টিজেন পরীক্ষাগুলি অন্তর্ভুক্ত করা অব্যাহত রাখা হবে। এই পরিবর্তন এবং পরীক্ষা করার রীতি পরিবর্তন হওয়া সহ অন্যান্য বিষয়ের কারণে, কোনো কমিউনিটির উপর ভাইরাসের প্রভাব পরিমাপের জন্য সব চেয়ে নির্ভরযোগ্য মেট্রিক হলো প্রতি 100,000 এর মধ্যে কেসের সংখ্যার ডাটা - ইতিবাচকতার শতাংশ নয়।

- **CDC-এর মাধ্যমে রিপোর্টকৃত ও সংকলিত মোট মৃত্যু** - 77,992

NYS DOH ও NYC দ্বারা CDC এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

প্রতি 100K জনসংখ্যার প্রতিটি অঞ্চলের 7-দিনের কেসের গড় নিম্নরূপ:

| অঞ্চল | রবিবার, 29 জানুয়ারি, 2023 | সোমবার, 30 জানুয়ারি, 2023 | মঙ্গলবার, 31 জানুয়ারি, 2023 |
|---|---|---|---|
| Capital Region | 13.98 | 14.98 | 15.66 |
| Central New York | 15.97 | 15.79 | 16.17 |
| Finger Lakes | 11.53 | 11.13 | 11.28 |
| Long Island | 14.95 | 15.04 | 14.99 |
| Mid-Hudson | 19.16 | 18.30 | 17.83 |
| Mohawk Valley | 16.07 | 14.95 | 14.69 |
| New York City | 16.21 | 15.52 | 15.29 |
| North Country | 14.22 | 14.42 | 13.57 |
| Southern Tier | 10.70 | 10.58 | 10.94 |
| Western New York | 14.18 | 13.88 | 13.97 |
| **স্টেট ব্যাপী** | **15.59** | **15.18** | **15.07** |

গত তিন দিনে রিপোর্ট করা প্রত্যেক অঞ্চলের 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে**:

| অঞ্চল | রবিবার, 29 জানুয়ারি, 2023 | সোমবার, 30 জানুয়ারি, 2023 | মঙ্গলবার, 31 জানুয়ারি, 2023 |
|---|---|---|---|
| Capital Region | 8.06% | 9.09% | 9.32% |
| Central New York | 7.66% | 7.65% | 7.74% |
| Finger Lakes | 6.14% | 6.15% | 6.24% |
| Long Island | 4.74% | 4.72% | 4.73% |
| Mid-Hudson | 7.54% | 7.36% | 7.20% |
| Mohawk Valley | 8.26% | 7.99% | 7.80% |
| New York City | 4.83% | 4.69% | 4.67% |
| North Country | 7.31% | 7.21% | 7.12% |
| Southern Tier | 5.85% | 5.78% | 5.84% |
| Western New York | 12.99% | 13.06% | 13.28% |
| **স্টেট ব্যাপী** | **5.84%** | **5.77%** | 5.77% |

** ফেডারেল ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের

প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডাটা -- পজিটিভের শতকরা হার নয়।

গত তিন দিনে রিপোর্ট করা প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোর 7-দিনের পরীক্ষার পজিটিভ ফলাফলের গড় শতকরা হার নিচে দেওয়া হয়েছে **:

| NYC-এর বরো | রবিবার, 29 জানুয়ারি, 2023 | সোমবার, 30 জানুয়ারি, 2023 | মঙ্গলবার, 31 জানুয়ারি, 2023 |
|---|---|---|---|
| Bronx | 6.16% | 5.70% | 5.68% |
| Kings | 3.75% | 3.64% | 3.66% |
| New York | 4.82% | 4.77% | 4.71% |
| Queens | 5.63% | 5.60% | 5.50% |
| Richmond | 5.29% | 5.21% | 5.46% |

** ফেডারেল স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ (Department of Health and Human Services) এর পরীক্ষার রিপোর্টিং সংক্রান্ত নীতিমালার পরিবর্তন এবং অন্যান্য কয়েকটি কারণে, কোনো কমিউনিটিতে ভাইরাসের প্রভাব পরিমাপের সবচেয়ে নির্ভরযোগ্য পদ্ধতি হলো প্রতি 100,000 এ কেস সংখ্যার ডেটা -- পজিটিভের শতকরা হার নয়।

গতকাল, নিউ ইয়র্ক স্টেটে 3,238 জন নিউ ইয়র্কবাসী কোভিড-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন, যা মোট আক্রান্তের সংখ্যাকে 6,564,474 জনে উন্নীত করেছে। একটি ভৌগলিক বিশদ তথ্য নিম্নরূপ:

| কাউন্টি | মোট পজিটিভ | নতুন পজিটিভ |
|---|---|---|
| Albany | 78,297 | 62 |
| Allegany | 10,727 | 3 |
| Broome | 58,345 | 46 |
| Cattaraugus | 19,151 | 10 |
| Cayuga | 20,296 | 15 |
| Chautauqua | 29,226 | 20 |
| Chemung | 26,473 | 10 |

| | | |
|---|---|---|
| Chenango | 11,744 | 8 |
| Clinton | 22,361 | 21 |
| Columbia | 13,736 | 10 |
| Cortland | 13,229 | 6 |
| Delaware | 10,111 | 4 |
| Dutchess | 84,362 | 56 |
| Erie | 267,249 | 169 |
| Essex | 7,610 | 5 |
| Franklin | 11,989 | 3 |
| Fulton | 16,510 | 11 |
| Genesee | 16,488 | 8 |
| Greene | 10,936 | 6 |
| Hamilton | 1,093 | - |
| Herkimer | 17,374 | 12 |
| Jefferson | 26,955 | 24 |
| Lewis | 7,298 | 3 |
| Livingston | 14,289 | 4 |
| Madison | 16,711 | 16 |
| Monroe | 190,685 | 111 |
| Montgomery | 14,955 | 15 |
| Nassau | | 234 |

| | | |
|---|---|---|
| | 546,240 | |
| Niagara | 59,199 | 38 |
| NYC | 3,065,033 | 1,272 |
| Oneida | 68,699 | 23 |
| Onondaga | 141,749 | 97 |
| Ontario | 26,009 | 16 |
| Orange | 139,133 | 108 |
| Orleans | 10,484 | 10 |
| Oswego | 34,403 | 16 |
| Otsego | 13,242 | 10 |
| Putnam | 31,460 | 30 |
| Rensselaer | 41,482 | 25 |
| Rockland | 118,259 | 45 |
| Saratoga | 61,116 | 44 |
| Schenectady | 43,406 | 38 |
| Schoharie | 6,546 | 2 |
| Schuyler | 4,309 | 3 |
| Seneca | 7,624 | 8 |
| St. Lawrence | 26,086 | 9 |
| Steuben | 25,161 | 7 |
| Suffolk | 565,061 | 220 |

| | | |
|---|---|---|
| Sullivan | 24,488 | 17 |
| Tioga | 13,954 | 10 |
| Tompkins | 26,334 | 27 |
| Ulster | 42,905 | 38 |
| Warren | 18,792 | 13 |
| Washington | 15,663 | 17 |
| Wayne | 21,750 | 12 |
| Westchester | 333,387 | 187 |
| Wyoming | 9,874 | 4 |
| Yates | 4,426 | - |

নিচের তথ্য হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে কোভিড-19 এর পরীক্ষায় পজিটিভ হওয়া রোগীদের কতজন কোভিড-19/কোভিড-19 সংক্রান্ত জটিলতার কারণে হাসপাতালে ভর্তি হয়েছেন এবং কতজন কোভিড-19 ব্যতীত অন্য কারণে ভর্তি হয়েছেন তাদের সংখ্যা প্রকাশ করে:

| **অঞ্চল** | **বর্তমানে হাসপাতালে ভর্তি কোভিড-19 রোগীর সংখ্যা** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি** | **কোভিডের কারণে বা কোভিড সংক্রান্ত জটিলতার কারণে ভর্তি রোগীর শতাংশ** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না** | **যেসব রোগী ভর্তির সময়ে ভর্তির কারণ হিসাবে কোভিড উল্লেখ ছিল না তাদের শতাংশ** |
|---|---|---|---|---|---|
| Capital Region | 143 | 97 | 67.8% | 46 | 32.2% |
| Central New York | 95 | 52 | 54.7% | 43 | 45.3% |
| Finger Lakes | 249 | 70 | 28.1% | 179 | 71.9% |
| Long Island | 408 | 157 | 38.5% | 251 | 61.5% |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Mid-Hudson | 313 | 133 | 42.5% | 180 | 57.5% |
| Mohawk Valley | 52 | 29 | 55.8% | 23 | 44.2% |
| New York City | 1,093 | 422 | 38.6% | 671 | 61.4% |
| North Country | 54 | 31 | 57.4% | 23 | 42.6% |
| Southern Tier | 59 | 22 | 37.3% | 37 | 62.7% |
| Western New York | 157 | 68 | 43.3% | 89 | 56.7% |
| **স্টেট ব্যাপী** | **2,623** | **1,081** | **41.2%** | **1,542** | **58.8%** |

ওমিক্রন ভ্যারিয়েন্ট বর্তমানে সংক্রমণরত ভাইরাসের 95% এর প্রতিনিধিত্ব করে। ভ্যারিয়েন্ট ট্র্যাকিং সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ভিজিট করুন: কোভিড-19 ভ্যারিয়েন্ট সংক্রান্ত ডাটা | স্বাস্থ্য দপ্তর (Department of Health (ny.gov))।

গতকাল, কোভিড-19 এর কারণে নতুন মোট 26টি মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা হয়েছে, যা মোট মৃত্যুর সংখ্যাকে 61,354 জনে উন্নীত করেছে। বসবাসের কাউন্টি অনুসারে, নিচে ভৌগলিক ভিত্তিতে ভেঙে দেখানো হয়েছে:

| **কাউন্টি** | **নতুন মৃত্যু** |
|---|---|
| Bronx | 1 |
| Clinton | 1 |
| Kings | 4 |
| Madison | 1 |
| Monroe | 1 |
| Nassau | 1 |
| New York | 2 |
| Queens | 1 |
| Richmond | 4 |
| Saratoga | 2 |
| Schenectady | 1 |
| Suffolk | 5 |
| Westchester | 2 |
| **সর্বমোট** | **26** |

যেসব নিউ ইয়র্কবাসী 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা যেসব ফার্মেসি এই বয়স দলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে পিতামাতা ও অভিভাবকরা vaccines.gov, ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিশ্চিত করুন যে প্রোভাইডার ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স দলের জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্রের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন